

## অবতরণিকা

জাতীয় বাজেটের সহায়ক দলিল হিসেবে ‘বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা’ ২০০৭ অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত হলো। সামষ্টিক অর্থনৈতিক অগ্রগতির বিভিন্ন তথ্য ও সূচক বিশ্লেষণের মাধ্যমে এ প্রকাশনায় দেশের আর্থ-সামাজিক অগ্রগতির অবস্থান তুলে ধরা হয়েছে।

২। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৭-এ মোট ১৫টি অধ্যায় এবং ৬৩টি পরিসংখ্যান পরিশিষ্ট রয়েছে। দেশের সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতির সংক্ষিপ্ত পর্যালোচনা প্রথম অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে। দ্বিতীয় থেকে ষষ্ঠ অধ্যায়সমূহে দেশের সামষ্টিক অর্থনীতির খাতসমূহ, যেমন - দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ মূল্য-মজুরি ও কর্মসংস্থান, রাজস্ব ও মুদ্রা পরিস্থিতি এবং বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত বিষয়াদি উপস্থাপন করা হয়েছে। খাত ভিত্তিক অধ্যায়সমূহে (সপ্তম থেকে একাদশ) অর্থনীতির প্রধান প্রধান উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি এবং পরিবহন ও যোগাযোগ সংক্রান্ত পরিস্থিতি উপস্থাপন করা হয়েছে। মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র পরিস্থিতি ও দারিদ্র বিমোচন কার্যক্রম এবং বেসরকারি খাত ও পরিবেশ উন্নয়ন বিষয়ে সরকারের গৃহীত পদক্ষেপের বিবরণ দ্বাদশ থেকে পঞ্চদশ অধ্যায়ে তুলে ধরা হয়েছে। এ প্রকাশনাটির পরিসংখ্যান পরিশিষ্টসমূহের অনেক ক্ষেত্রে ১৯৭২-৭৩ সাল থেকে কালীন সারি (Time Series) তথ্য সন্নিবেশ করা হয়েছে, যা অধিকতর ব্যবহার-বান্ধব (user friendly) হবে বলে আমার বিশ্বাস।

৩। যথাসময়ে অত্যন্ত যত্নসহকারে এ সমীক্ষাটি প্রণয়ন ও প্রকাশের জন্য জনাব এম,এ, সান্তার ভূঁইয়া, অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ এবং তাঁর সহকর্মী কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করছি। বাজেট সহায়ক এ দলিলটি প্রণয়নে বিভিন্ন তথ্য/উপাত্ত সরবরাহ করে সহযোগিতা প্রদানের জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহকে আন্তরিক ধন্যবাদ জানাই।

৪। পরিশেষে আমি আশা করছি, গুরুত্বপূর্ণ প্রকাশনাটি নীতি প্রণয়নকারী, পরিকল্পনাবিদ, গবেষক ও শিক্ষার্থীদের জন্য খুবই সহায়ক হবে। এ সমীক্ষাটির মানোন্নয়নের জন্য গঠনমূলক পরামর্শ ও মতামত সাদরে গ্রহণ করা হবে।

(ডঃ মোহাম্মদ তারেক)

ভারপ্রাপ্ত সচিব

অর্থ বিভাগ